সংবাদ

তারিখ 4 MAY 2003
পৃষ্ঠা

# শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার ক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হচ্ছে

**অর্থনৈতিক বার্তা পরিবেশক ঃ** শিক্ষা খাতে অপচয় রোধ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার ক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হচ্ছে। শিক্ষা খাত সম্পর্কিত প্রাক-বাজেট এক আলোচনা সভায় পরিকল্পনামন্ত্রী এম.সাইফুর রহমান ও শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এ বিষয়ে ঐকমত্যে পৌছান। শনিবার অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভাশেষে অর্থমন্ত্রী জানান, অনেক জায়গায় স্কুল আছে, শিক্ষক নেই। এমপিওভুক্ত অনেক স্কুল-কলেজে চরম

ব্যবস্থা ঃ পৃঃ ২ কঃ ৩

## ব্যবস্থা ঃ নেয়া হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

অব্যবস্থা রয়েছে। আগামী বাজেটের আগে এমপিওভুক্ত প্রতিষ্ঠানগুলোর সার্বিক অবস্থার ওপর জরিপ করা হবে। জরিপের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ে এ সংশ্লিষ্ট প্রতিবেদন পাঠাবে।

অর্থমন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষাকে সঠিক ভিত্তির ওপর দাঁড় করানো ও শিক্ষা সুবিধাকে সুষমভাবে বণ্টন করার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

আলোচনা সভাশেষে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেন, স্কুল-কলেজ এমপিওভুক্ত করার ব্যাপারে লেখাপড়ার সাফল্যের ওপর গুরুত্ব দেয়া হবে।